

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৭৫

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম, তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফর্য সালাতে পাঠ করতেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَا وَصَفْنَا كَانَ يَقُولُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الصَّلَاةِ الْفَريضيةِ

আরবী

1975 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُنْذِرِ بْنِ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا يُوسُفُ بْنُ سَعِيدِ بْنِ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْغَبْرَ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ عَنْ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ الْفَضْلِ عَنْ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَجَدَ فِي الصَّلَاةِ الْمَكْثُوبَةِ قَالَ: (اللَّهُمَّ لَكَ سَجَدْتُ وَبِكَ آمَنْتُ وَلَكَ أَسْلَمْتُ أَنْتَ رَبِّي سَجَدَ وَجْهِي لِلَّذِي خَلَقَهُ وَشَقَّ سَمْعَهُ وَبَصَرَهُ تَبَارَكَ اللَّهُ أَحسن الخالقين)

الراوي: علي المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1975 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة)).

বাংলা

كه ٩৫. আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন ফরজ সালাতে সাজদা করতেন, তখন বলতেন, اللَّهُمَّ لَكَ سَجَدْتُ وَبِكَ آمَنْتُ وَلَكَ أَسْلَمْتُ أَنْتَ رَبِّي سَجَدَ وَجُهِي لِلَّذِي اللَّهُ أَحسن الخالقين (হে আল্লাহ, আমি আপনার জন্য সাজদা করেছি, আপনার প্রতি ঈমান আনয়ন করেছি, আপনার কাছে আত্নসমর্পন করেছি। আপনি আমার প্রভু, আমার চেহারা সাজদাবনত হয়েছে ঐ সত্ত্বার জন্য যিনি তা সৃষ্টি করেছেন, তাকে আকৃতি দিয়েছেন, তা সুন্দর করেছেন এবং তিনি শ্রবণশক্তি ও দর্শনশক্তি সৃষ্টি করেছেন। সর্বোত্তম সৃষ্টিকর্তা আল্লাহ কতো পুণ্যময়।)[1]"

ফুটনোট



[1] নাসাঈ: ২/২২০-২২১; সুনান বাইহাকী: ২/৩২; আবূ আওয়ানা: ২/১০২; দারাকুতনী: ১/২৯৭-২৯৮; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭২-৭৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫৬৭; আবূ দাউদ: ৭৬১; তিরমিযী: ৩৪২৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৬৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৯৯-২০০; মুশকিলুল আসার: ১/৪৮৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন